



মুক্তির স্মৃতি বর্ণনা  
আমরা যাতো সবার শৈর্ষে।

নং-সিএডি(অপারেশন)/এডি/বর্ষ সমাপনী পত্র-২০২০/৭০৯

তারিখ : ২৬ নভেম্বর ২০২০

সকল জেনারেল ম্যানেজার/প্রিসিপাল

প্রধান কার্যালয়/জেনারেল ম্যানেজার'স অফিস/ছানীয় কার্যালয়/

বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/রমনা কর্পোরেট শাখা/স্টাফ কলেজ

সকল ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার

প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস/কর্পোরেট শাখা

আঞ্চলিক কার্যালয়/ট্রেনিং ইনসিটিউট/শাখা

সোনালী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ এবং

কলকাতা ও শিলিঙ্গড়ি শাখা, ভারত।

### বিষয় : বর্ষ সমাপনী ৩১ ডিসেম্বর ২০২০।

মহোদয়,

কালের পরিক্রমায় আমরা আরো একটি পঞ্জিকা বছর অতিক্রমের দ্বার প্রাপ্তে। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৩৮ ধারা মোতাবেক বাংলাদেশে ব্যবসারত প্রত্যেক ব্যাংক কোম্পানিকে ইংরেজী পঞ্জিকা বছর অতিবাহিত হওয়ার পর শেষ দিবসের ভিত্তিতে স্থীয় ব্যবসা সংশ্লিষ্ট আর্থিক প্রতিবেদন প্রণয়ন করতে হয়। সে লক্ষ্যে ব্যাংক কোম্পানি আইন এর উপরোক্তভিত্তি ধারার ক তফসীল মোতাবেক বাংলাদেশ ব্যাংক বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ ২৫ জুন, ২০০৩ এর মাধ্যমে ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত একটি ফরমেট ইস্যু করে। এছাড়া আর্থিক বিবরণীকে ইহার ব্যবহারকারীর নিকট আরো স্বচ্ছ, গ্রহণযোগ্য ও বোধগম্যকরণের লক্ষ্যে ইহাতে বিভিন্ন ধরণের ডিসক্রোজার সন্নিবেশিত করার জন্য বাংলাদেশ ব্যাংক উক্ত সার্কুলারের মাধ্যমে নির্দেশনা জারী করেছে।

বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা আমলে নিয়ে অধিকতর তথ্যবহুল আর্থিক বিবরণী প্রণয়নের লক্ষ্যে এ বিভাগ হতে বার্ষিক সমাপনী সার্কুলারটি জারী করা হলো। ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপূর্ণ পরিপালনসহ ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড বজায় রাখার নিমিত্ত এ সার্কুলার যথাযথভাবে আগনাদেরকে অনুসরণ করতে হবে। নিয়মগুলো একটি অপরটির সাথে সম্পর্কিত বিধায় সকল নিয়ম সমতাবে গুরুত্ব দিয়ে বিবিআই এর ২য় অধ্যায়ে উল্লিখিত ৬৭ হতে ৭২ প্যারা বিশেষভাবে পরিপালন করতে হবে।

উল্লেখ্য, শাখা/অফিস প্রধানগণ সঠিক সময়ে তাদের স্ব-স্ব সমাপনী প্রতিবেদন নির্ভুলভাবে তৈরী করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করার লক্ষ্যে এতদসঙ্গে সন্নিবেশিত এ্যাকশন প্ল্যান মোতাবেক সকল কর্মকর্তা/কর্মচারীদের মাঝে দায়িত্ব বন্টনপূর্বক দণ্ডের নির্দেশ জারী করবে। এছাড়া বর্ষ সমাপনী ফরমে যথাসম্ভব আগাম তথ্য সন্নিবেশিত করে প্রতিবেদন প্রস্তুতের কাজসহ অন্যান্য কাজ যেমন- প্রয়োজনীয় ভাউচার পাস, সকল বহি/রেজিস্ট্রার সমতাকরণ(Balancing) ইত্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে। কোন প্রকার বিলম্বের জন্য তারা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। প্রতিবেদন অবশ্যই শাখা প্রধান কর্তৃক স্বাক্ষর করে পাঠাতে হবে।

প্রত্যেক শাখাকে “পরিশিষ্ট-ক” এর “A” তে উল্লেখিত প্রতিবেদনসমূহ উক্ত ক্রমিকের ক্রমবিন্যাস মোতাবেক সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন) ও স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের এর জন্য ১টি করে ফাইল এবং B,C,D,E ও F এ উল্লেখিত প্রতিবেদনসমূহ উক্ত ক্রমিকের ক্রমবিন্যাস মোতাবেক যথাক্রমে ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ এর জন্য ১টি, ফরেন রেমিট্যাল ম্যানেজমেন্ট ডিভিশনের জন্য ১টি, ভিজিল্যাল এন্ড কমপ্লেইট ম্যানেজমেন্ট ডিভিশন এর জন্য ১টি, ব্রাফ্টেস কন্ট্রোল ডিভিশন এর জন্য ১টি, লোন রিকভারী ডিভিশনের জন্য ১টি এবং নিজেদের অফিস কপি হিসেবে সংরক্ষণের জন্য A. ক্রমিকের ক্রমবিন্যাস মোতাবেক ১টি ফাইল প্রস্তুত করবে। নিজেদের অফিস কপি ব্যতিরেকে সকল ফাইল সংযুক্ত এ্যাকশন প্ল্যান মোতাবেক ০৪-০১-২০২১ তারিখের মধ্যে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। কোন অবস্থাতেই কোন শাখার কোন প্রতিবেদন বাদ দেয়া যাবে না। কোন তথ্য না থাকলেও NIL উল্লেখপূর্বক প্রতিবেদন পাঠাতে হবে।

পরবর্তীতে প্রত্যেক প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহ হতে বিবরণী প্রাপ্তির পর এর সঠিকতা যাচাই-বাচাই করবে। সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন) এর জন্য “পরিশিষ্ট -ক” এর “A” ক্রমিকের ১ হতে ৩৬ নম্বরে বর্ণিত প্রতিটি বিবরণীর জন্য ১টি করে অর্থাৎ এসটি-১ এর জন্য একটি, এসটি-২ এর জন্য একটি, এমনিভাবে ৩৬টি প্রতিবেদনের জন্য ৩৬টি ফাইল হবে এবং তা ০৫-০১-২০২১ তারিখের মধ্যে এ ডিভিশনে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে প্রত্যেকটি ফাইলে যাতে নিয়ন্ত্রণাধীন সকল শাখার স্টেটমেন্ট অন্তর্ভুক্ত থাকে এবং তা শাখার কোড নম্বর অনুসারে সাজাতে হবে। উদাহরণস্বরূপ কোন পিও এর অধীন ২০টি শাখা থাকলে প্রত্যেকটি ফাইলে ২০টি করে স্টেটমেন্ট থাকতে হবে। অনুরূপভাবে, প্রধান কার্যালয়ের অন্যান্য বিভাগে প্রেরিতব্য প্রতিবেদনও একইভাবে ০৫-০১-২০২১ তারিখের মধ্যে পাঠাতে হবে। কর্পোরেট শাখাসমূহকেও “পরিশিষ্ট ক” মোতাবেক সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন) এর জন্য ৩৬টি

পরবর্তী পৃষ্ঠা নং-২



## পৃষ্ঠা নং-২

এবং অন্যান্য ডিভিশনের জন্য পরিশিষ্ট-ক এর বর্ণনা অনুসারে প্রযোজনীয় সংখ্যক ফাইল ০৫-০১-২০২১ তারিখের মধ্যে  
সরাসরি সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

### সতর্কতা :

এ বছর অধিকাংশ বর্ষ সমাপনী বিবরণী পরিবর্তন/সংশোধন হয়েছে বিধায় সকল শাখা/কার্যালয় প্রধান কার্যালয়ের কম্বল  
সার্ভিসেস ডিভিশন কর্তৃক মুদ্রিত ও সরবরাহকৃত ২০২০ সালের ফরম এবং বর্ষ সমাপনী পত্রে সংযুক্ত ছক ব্যবহার করবে।

এ বিভাগ হতে ০৩-১০-২০০২ তারিখে জারীকৃত প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-১৪২২ মোতাবেক প্রত্যেক জিএম অফিস,  
প্রিসিপাল অফিস এবং আঞ্চলিক কার্যালয় তাদের স্ব-স্ব প্রতিবেদন প্রস্তুতপূর্বক সকল প্রতিবেদন একটি আলাদা ফাইলে সেন্ট্রাল  
একাউন্টস ডিভিশন (অপারেশন)-এ প্রেরণ করবে।

সকল প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহ কর্তৃক প্রেরিত ফাইল ও নিজেদের অফিসের ফাইল  
হতে এবং কর্পোরেট শাখা তাদের অফিস কপি হতে বর্ষ সমাপনী সংক্রান্ত ডাটা সমূহ এ বিভাগ হতে প্রেরিত CRE  
সফটওয়্যারে সঠিকভাবে এন্ট্রি করতঃ ০৬-০১-২০২১ তারিখের মধ্যে ডাটা ফাইল ই-মেইল যোগে  
[dgmcad@sonalibank.com.bd](mailto:dgmcad@sonalibank.com.bd), কোন কারণে কর্পোরেট ই-মেইলে সম্বন্ধ না হলে [sblhocad@gmail.com](mailto:sblhocad@gmail.com)  
এই ঠিকানায় বা কমপ্যাক্ট ডিফ (CD) এর মাধ্যমে প্রেরণ করবে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা উল্লেখিত ডাটা ফাইলের কপি তাদের স্ব-স্ব জেনারেল  
ম্যানেজারস অফিসে অভ্যন্তরীণ ব্যবহারের জন্য প্রেরণ করবে।

এ বছর শেষ কর্মসূচি ৩০ ডিসেম্বর ২০২০ এবং বার্ষিক হিসাব সমাপনী দিবস ৩১ ডিসেম্বর ২০২০। বার্ষিক হিসাব খোলার দিবস ০৩  
জানুয়ারি ২০২১ হবে। তবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অন্য কোনোরূপ নির্দেশনা প্রদান করা হলে যথাসময়ে তা সকলকে অবহিত করা হবে।  
CBS-এ সম্পাদিত সকল Auto Transaction এর বিষয়টি হয়ে খাতজ্যালী ভাউচার প্রস্তুত করে যথারীতি পাস ও সংরক্ষণ  
করতে হবে।

শাখাসমূহ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে যথারীতি চূড়ান্ত লাভ/লোকসানের এন্ট্রিসমূহ পাশ করার পর বিশেষ সিডিউল  
টেলিথাম প্রস্তুত করে ০৩-০১-২০২১ তারিখের মধ্যে তাদের নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করবে। পরবর্তীতে নিয়ন্ত্রক অফিসসমূহ  
তাদের অধীনস্থ সকল শাখার উক্ত বিবরণী প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-১৫৮৭ তারিখঃ ০৬-০৯-২০০৩ মোতাবেক একীভূত  
করে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে অবশ্যই প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় প্রেরণ  
করতে হবে। কর্পোরেট শাখাসমূহ তাদের বিশেষ সিডিউল টেলিথাম ০৩-০১-২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের  
সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় সরাসরি প্রেরণ করবে।

সঠিক বিবরণী প্রণয়নে IAS পরিপালনের লক্ষ্যে “Accrual Basis Accounting” এর বাস্তবায়ন বিষয়ে সোনালী ব্যাংক  
লিমিটেড, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), বাঙ্গেট এন্ড বাঙ্গেটারি কন্ট্রোল ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা  
কর্তৃক জারীকৃত ২৭ মার্চ ২০১৮ তারিখের প্রকা/সিএডি(অপারেশন)/লোকসানী শাখা/৮৪৬ সংখ্যক পত্রের সকল  
নির্দেশনা/পরামর্শ পুঁজ্বানুপূর্খভাবে অনুসরণ করতে হবে।

### ০১। আন্তঃশাখা লেনদেন সম্পর্কিত সোনালী ব্যাংক সাধারণ হিসাব-RMS Plus, সোনালী ব্যাংক সাধারণ হিসাব-CBS এবং মেইন অফিস (নিউ) হিসাবের সুদ :

সোনালী ব্যাংক সাধারণ হিসাব, সোনালী ব্যাংক সাধারণ হিসাব-RMS Plus, মেইন অফিস হিসাব (নিউ),  
এসবিজি-সিবিএস ইত্যাদি আন্তঃশাখা হিসাবে ডেবিট ও ক্রেডিট ব্যালেন্সের বিপরীতে প্রাপ্য বা প্রদেয় সুদ প্রধান  
কার্যালয়ের ইনফরমেশন টেকনোলজী ডিভিশন (বিজনেস-আইটি) কর্তৃক CBS-এ বর্ষ সমাপনীর প্রসেস চালানোর  
তারিখে স্বয়ংক্রিয়ভাবে প্রধান কার্যালয়ে ও শাখার সুদ হিসাবে ছানান্তর হবে।

উল্লেখ্য, যথাসময়ে পুনর্ভবন না হওয়ার প্রেক্ষিতে আর্মি পেনশন ও সঁক্ষয়পত্রের বকেয়ার উপর শাখাসমূহ সুদ বাবদ (এসবিজি  
হারে) SBG Interest Receivable A/C (Army Pension & Sanchaypatra) GL Code-225122306-এ ডেবিট করে  
Interest Income on SBG A/C (Army Pension & Sanchaypatra) GL Code-300116113-তে ক্রেডিট করে আয়  
খাতে জমা করতে হবে। তবে কোন শাখা ইতোমধ্যে উক্ত প্রাপ্য পুনর্ভবের অর্থ তুলন্তরে Commission Receivable A/C (GL  
Code-225125101) ডেবিটপূর্বক হিসাবাবন করে থাকলে সেক্ষেত্রে উল্লেখিত ভুল সংশোধনের নিমিত্তে সম্পরিমাণ অর্থ দ্বারা SBG  
Interest Receivable A/C (Army Pension & Sanchaypatra) GL Code-225122306-এ ডেবিট করে  
Commission Receivable A/C (GL Code-225125101)-তে ক্রেডিট করতে হবে। উল্লেখিত ভুল সংশোধন না করলে  
এ সংক্রান্ত সকল জটিলতার জন্য সংশ্লিষ্ট শাখা প্রধান দায়ী হবেন। উল্লেখ্য, আর্মি পেনশন ও সঁক্ষয়পত্রের পুনর্ভবণ দাবী  
প্রেরণের তারিখ হতে পুনর্ভবণ প্রাপ্তির পূর্ব পর্যন্ত সময়ে অসমিষ্ট ছাত্রিতে উপর এসবিজি হারে প্রাপ্য সুদের অর্থ  
হিসাবভুক্ত হবে কিন্তু পুনর্ভবণ দাবী করা না হলে সুদ আদায় করা যাবে না। এছাড়া, সিভিল পেনশন ও ডিডিপি'র  
ছাত্রিতে উপর কোন সুদ প্রাপ্য হবে না।

প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে ওয়েজ আর্নস কর্পোরেট শাখা, ঢাকা তাদের ইন্ডেসেমেন্ট ইন ফরেন কারেলী খাতে বিনিয়োগকৃত  
অর্থের উপর সাবসিডি হিসেবে এসবিজি সুদের হারে ম্যানুয়াল ৩০-১২-২০২০ তারিখে SBG Interest Receivable A/C  
(Investment in Foreign Currency) GL Code-225122307 ডেবিট করেজ Interest Income on SBG  
A/C (Investment in Foreign Currency) GL Code-300116115-এ ক্রেডিট করবে। পরবর্তীতে CBS এ  
স্বয়ংক্রিয়ভাবে প্রধান কার্যালয়ে ফান্ড ট্রান্সফার হ্রে বিশেষ কেন্দ্রুপ টিআরএ ইস্যু করতে হবে না।

### ০২। চলতি হিসাবে গ্রাহকের ব্যালেন্স কলক্ষারমেশন সার্টিফিকেট :

বার্ষিক হিসাব সমাপনী দিবসে প্রত্যেক চলতি হিসাবের গ্রাহকের নিকট তাঁদের হিসাবের ব্যালেন্স বিষয়ক নিশ্চয়তা  
পত্র (ব্যালেন্স কলক্ষারমেশন সার্টিফিকেট) প্রেরণপূর্বক উহাতে গ্রাহক কর্তৃক ঘোষণা করিয়ে নিতে হবে। শাখা প্রধানগণ  
উক্ত ব্যালেন্স কলক্ষারমেশন সার্টিফিকেট ফেরত পাওয়ার পর সতর্কতার সাথে নমুনাঘোষণ মিলিয়ে সংরক্ষণ করবেন এবং এ  
ব্যাপারে যাতে সময় নষ্ট না হয় সে বিষয়েও বিশেষ মনোযোগী হবেন।

পরবর্তী পৃষ্ঠা নং-৩

০৩। আমানত হিসাবে সুদ প্রদান :

(ক) বিভিন্ন আমানত হিসাবে (প্রযোজ্য ক্ষেত্রে) CBS কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে সুদ আরোপ করা হবে। তবে বর্ষ সমাপনীতে FDR প্রকৃতির (FDR, DBS, TBS, MES, SBRSS, RSS ও SBMS) হিসাব ব্যতীত অন্যকোন আমানত হিসাবের Interest Payable A/C-এ কোন ছিতি থাকবে না।

(খ) আমানতের সুদ আরোপের সময় ব্যাংকের সঞ্চয়ী, এসএমডি, এফডিআর এবং বিভিন্ন ফৌমের গ্রাহকদের আমানতের সুদের উপর TIN থাকলে ১০% এবং TIN না থাকলে ১৫% হাবে টিডিএস কর্তৃত করতে হবে। সুদ আরোপের পূর্বেই গ্রাহকের হিসাবে যথাযথভাবে TIN এন্ট্রি করা নিশ্চিত করতে হবে। তাছাড়া, ধাপ ভিত্তিক আবগারী শুল্ক কর্তৃত করতে হবে। রাজস্ব বোর্ড কর্তৃক কোন গ্রাহককে আবগারী শুল্ক আরোপ থেকে অব্যহতি দেয়া হলে সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব হতে Excise duty কর্তৃত করা বন্ধ রাখার ব্যবস্থা করতে হবে।

০৪। সাসপেল (নিলিম) একাউন্ট :

৩০-১২-২০২০ তারিখের মধ্যে সাসপেল হিসাবের সকল এন্ট্রিসমূহ যথাযথ পর্যালোচনা করে সমন্বয় করতে হবে। উপযুক্ত ও যুক্তিযুক্ত কারণ ছাড়া ৩০-১১-২০২০ তারিখ বা তৎপূর্বে সৃষ্টি কোন এন্ট্রি যাতে এখাতে অসমর্পিত না থাকে এবং ডিসেম্বর ২০২০ মাসে সৃষ্টি এন্ট্রিসমূহ যথাসম্ভব সমন্বয় করে উক্ত খাতের ছিতি হাসে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। অসমর্পিত এন্ট্রিসমূহের বিষয়ে প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি-৫(১)(এফ-৪৫)-এ এবং ফরম এসটি-৫(২) মোতাবেক ক্লাসিফিকেশন অফ সাসপেল হিসাবের প্রতিবেদন প্রস্তুত করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। জিএম অফিস ও কর্পোরেট শাখাসমূহ উক্ত প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ/দপ্তর তাদের বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট সাসপেল হিসাবের ভুক্ত যথাসম্ভব সমন্বয় করবে, যদি কোন কারণে কোন ভুক্তি অসমর্পিত থাকে তবে তার একটি বিবরণী তৈরী করে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন)-এ প্রেরণ করবে। তবে কোন অবস্থাতেই ডাক, তার ও খুচুরা নগদায়ন(পোটি ক্যাশ) ইত্যাদির বিপরীতে উত্তোলিত অভিম বর্ষ সমাপনী দিবসে অসমর্পিত রাখা যাবে না। এর ব্যত্যয় ঘটলে দায়-দায়িত্ব সম্পর্ণভাবে শাখা প্রধান, নিয়ন্ত্রণকারী কার্যালয় প্রধান এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

এসটি নং-৫(১) এবং ৫(২) এ প্রদর্শিত অসমর্পিত ভুক্তির মোট পরিমাণ এসটি নং-১ এ প্রদর্শিত সাসপেল হিসাবের ছিতির সমান হতে হবে। কোন অবস্থাতেই এ্যাডজাষ্টিং একাউন্টের মাধ্যমে সাসপেলের এন্ট্রি এ্যাডজাষ্ট করা যাবে না। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত ইঙ্গেহারের নির্দেশ পরিপালন করতে হবে।

০৫। ড্রাফট পেয়েবল, গভঃ ড্রাফট পেয়েবল, টিটি এবং পে-অর্ডার :

২০২০ সালের শেষ কার্যদিবসে ড্রাফট পেয়েবল, গভঃ ড্রাফট পেয়েবল, টিটি এবং পে-অর্ডার-এর ব্যালেন্স নিশ্চিত করে নিতে হবে এবং সকল বকেয়া ড্রাফট পেয়েবল, গভঃ ড্রাফট পেয়েবল, টিটি-র বকেয়া তালিকা তৈরী করে নিশ্চয়তার জন্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে যাতে সংশ্লিষ্ট শাখাসমূহের সাথে গরমিল না থাকে। ইস্যুয়িং শাখা উক্ত তালিকা প্রাপ্তির পর তালিকাভুক্ত এন্ট্রিগুলোর সঠিকতা যাচাই করবে এবং কোন গরমিল পরিলক্ষিত হলে সাথে সাথে ড্রয়ী শাখার সাথে যোগাযোগ করবে।

০৬। ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইজ একাউন্ট ও গভঃ ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইস একাউন্ট :

শাখাসমূহকে এই হিসাবের অসমর্পিত এন্ট্রিসমূহ যথাযথ পর্যালোচনা করে সংশ্লিষ্ট ড্রাফট ইস্যুকারী শাখাসমূহ হতে এডভাইস সংগ্রহপূর্বক এন্ট্রিসমূহ যথাসম্ভব সমন্বয় করতে হবে। এ হিসাবের ছিতি ব্যাংকের আর্থিক বিবরণীতে বহিনিরীক্ষকগণ নিয়মানুযায়ী সম্পূর্ণ শ্রেণীবিন্যাসিত হিসেবে প্রদর্শন করে থাকে। ফলে ব্যাংকের অন্যান্য সম্পদের বিপরীতে প্রতিশেন ঘাটতি ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। যদি কোন শাখার ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইজ একাউন্ট ও গভঃ ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইস এর এন্ট্রিসমূহ সময়ের ব্যাপারে কোনরূপ অবহেলা নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় তবে শাখা প্রধানকে ব্যক্তিগতভাবে দায়ী করে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইস এর অসমর্পিত ভুক্তির তথ্যাদি 'পরিশিষ্ট গ' এর ছক-১১ (এসটি-২৭) মোতাবেক এবং গভঃ ডিমান্ড ড্রাফট পেইড ইন এক্স-এডভাইস এর অসমর্পিত ভুক্তির তথ্যাদি 'পরিশিষ্ট গ' এর ছক-১২ (এসটি-২৮) মোতাবেক প্রস্তুত করে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। সংশ্লিষ্ট প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় তাদের আওতাভুক্ত শাখাসমূহের প্রতিবেদনগুলোর সঠিকতা যাচাইপূর্বক এবং বাংলাদেশের বাহিরে এ দুই শ্রেণীতে বিভক্ত করে প্রদর্শন করতে হবে। বাংলাদেশের ভিতরে রাস্কিত আমানতের ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ভিত্তিক এবং আমানতের প্রকৃতি অর্থাৎ চলতি আমানত, ছায়ী আমানত, সঞ্চয়ী আমানত ওয়ারী বিভাজনপূর্বক এবং বাংলাদেশের বাহিরে রাস্কিত আমানতের ক্ষেত্রে প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরিচালিত হিসাব ওয়ারী বৈদেশিক মূদ্রার ছিতি; বিনিয়য় হার ও সম্পরিমাণ বাংলাদেশ টাকা উল্লেখপূর্বক ম্যাচুরিটি এফপিঃ অনুসারে বিশ্লেষণ করতে হবে। অতঃপর পরিশিষ্ট-গ এর ছক-১ মোতাবেক প্রতিবেদন তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে আগামী ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

সংশ্লিষ্ট প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় তাদের আওতাভুক্ত শাখাসমূহের প্রতিবেদনসমূহের সঠিকতা যাচাইপূর্বক যথানিয়মে প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ এবং সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায়

প্রবর্তী পৃষ্ঠা নং-৪

০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ পরিষিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন)সহ অন্যান্য ডিভিশনে ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন তাদের বিভাগ সংশ্লিষ্ট প্রতিবেদন তৈরী করে শাখার প্রতিবেদনসহ একীভূত করবে এবং সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় ০৭-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। এখানে উল্লেখ্য যে, যদি কোন শাখা/অফিস অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বাংলাদেশী টাকায় অর্থ গচ্ছিত রেখে থাকে, তবে তা বর্ণিত (ছক-১ এসটি-১৯) মোতাবেক একটি প্রতিবেদন সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করতে হবে, তবে এক্ষেত্রে ছবের ৩ ও ৪ নং কলামের প্রয়োজন হবে না। অনুরূপভাবে বৈদেশিক শাখাসমূহ এ পত্রের ক্রমিক নং-৩৮ এর নির্দেশনা মোতাবেক দুই কপি প্রতিবেদন প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট ডিভিশনে(FRMD) ০৬-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

**০৮। বৈদেশিক মূদ্রা এবং বৈদেশিক মূদ্রা হিসাবসমূহ পুনর্গংথ্যায়ন (রিভ্যালুয়েশন)**

৩০-১২-২০২০ তারিখে যে সমস্ত এডি শাখা বা অফিস(ফরেন কারেঙ্গী ছিতি এবং ফরেন কারেঙ্গী নোটস অন হ্যান্ড হিসাব) থাকবে তাসহ সকল ফরেন কারেঙ্গীতে বিনিয়োগ, ঋণ, ব্যালেন্স হেল্প উইথ ফরেন ব্যাংক এব্রড/আদার ব্যাংক ইত্যাদির ছিতি (বৈদেশিক মূদ্রা) টাকায় রূপান্তর করে হিসাবভুক্ত করতে হবে।

এতদুদ্দেশ্যে প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ হতে ৩০-১২-২০২০ তারিখে রিভ্যালুয়েশন রেট জেনে নিয়ে এডি শাখা বা অফিস ফরেন কারেঙ্গীকে টাকায় রূপান্তর করে হিসাবভুক্ত করবেন। এক্ষেত্রে প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ রিভ্যালুয়েশন রেট নির্ধারণ করে এডি শাখাসমূহকে টেলিফোনে/ই-মেইলে/পত্রের মাধ্যমে সরবরাহ করবে। রিভ্যালুয়েশন রেট প্রাপ্তির লক্ষ্যে এডি শাখাসমূহ ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশনকে তাদের নিজ নিজ ই-মেইল নাম্বার সরবরাহ করবে অথবা সরাসরি টেলিফোনে/ই-মেইলে যোগাযোগ করে জেনে নিবে ও তা সংরক্ষণ করবে। রিভ্যালুয়েশন রেট অনুসারে ছিতি (বৈদেশিক মূদ্রা)পুনর্গংথ্যায়ন(রিভ্যালুয়েশন) করে হিসাবভুক্ত করতে গিয়ে টাকা ব্যালেন্স-এ যে পার্থক্য দাঁড়াবে তা নিম্ন লিখিতভাবে ভাউচার পাশ করতে হবেঃ

ক্রেডিট অথবা ডেবিট : এক্সচেঞ্চ লস/গেইন হিসাব

ডেবিট অথবা ক্রেডিট : সংশ্লিষ্ট হিসাব

শাখাসমূহ বৈদেশিক মূদ্রা সংশ্লিষ্ট হিসাবসমূহের মূদ্রাভিত্তিক পরিমাণ ও বিনিময় হার উল্লেখপূর্বক পরিষিষ্ট-গ এর ছক-২ (এসটি-২০) মোতাবেক প্রতিবেদন তৈরী করে পরিষিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে ব-ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ পরিষিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে সরাসরি প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট ডিভিশন (FRMD) ও সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট ডিভিশন (FRMD) তাদের বিভাগ সংশ্লিষ্ট প্রতিবেদন তৈরী করে শাখার প্রতিবেদনসমূহ একীভূত করবে এবং সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(অপারেশন), হিসাব শাখায় ০৭-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

**৯। স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ (মানি এট কল এন্ড শ্ট্যাট নোটিশ)**

প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-১ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থের ম্যাচুরিটি প্রসিসহ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানওয়ারী ছিতি ভিন্ন ভিন্নভাবে প্রদর্শনপূর্বক একটি প্রতিবেদন তৈরী করে প্রধান কার্যালয়, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৭-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। বৈদেশিক শাখাসমূহ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থের ম্যাচুরিটি প্রুপিসহ ব্যাংক / আর্থিক প্রতিষ্ঠানওয়ারী ছিতি ভিন্ন ভিন্নভাবে প্রদর্শনপূর্বক একটি প্রতিবেদন তৈরী করে তার দুই কপি ক্রমিক নং-৩৮ এর নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট ডিভিশনে (FRMD) ০৬-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

**১০। বিনিয়োগগত শেয়ার ও সিকিউরিটির সকল বিনিয়োগ (Dealing এবং Investment উভয়ক্ষেত্রে) বছর শেষে পুনর্গংথ্যায়ন করতে হবে। Quoted শেয়ারের মূল্য টক এক্সচেঞ্জসমূহের নির্ধারিত বাজার মূল্যে এবং Unquoted শেয়ারের মূল্য সর্বশেষ নিরীক্ষিত ছিতিপত্রে উল্লেখিত বুক ভ্যালু মোতাবেক নির্ণয়/নির্ধারণ করতে হবে। বিনিয়োগের মূল্য হ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রতিশ্রুত রাখতে হবে। প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন (TMD) তাদের বিনিয়োগসমূহের ডিলিং এবং বিনিয়োগ আলাদা আলাদাভাবে প্রদর্শনপূর্বক ক্রয়মূল্য/বুক ভ্যালু ও বাজার মূল্য, সুদের হার, মেয়াদ পূর্তির তারিখ ইত্যাদিসহ পৃথকভাবে একটি প্রতিবেদন পরিষিষ্ট-গ এর ছক-৩ মোতাবেক প্রেরণ করতে হবে এবং বিনিয়োগ হ্রাসজনিত ক্ষতির প্রতিশ্রুত পরিমাণ নির্ণয়পূর্বক ডিলিং সিকিউরিটিসমূহ এবং ইনভেস্টমেন্ট সিকিউরিটি উভয়েরই ক্রয়মূল্য/বুক ভ্যালু ও বাজার মূল্য/পুনর্গংথ্যায়িত মূল্য, শেয়ার ও সিকিউরিটি এর সংখ্যা, শেয়ার ও সিকিউরিটি প্রতিটির বাজার মূল্য ইত্যাদি পৃথকভাবে প্রদর্শনপূর্বক পরিষিষ্ট-গ এর ছক-৩ক মোতাবেক অপর একটি প্রতিবেদন তৈরী করে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৭-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।**

চলতি ও দীর্ঘমেয়াদী বিনিয়োগ পৃথক করে অবশিষ্ট ম্যাচুরিটি প্রতিবেদন তৈরী করে পরিষিষ্ট-গ এর ছক-৩খ মোতাবেক একটি ম্যাচুরিটি প্রতিবেদনও প্রেরণ করতে হবে। উল্লেখ্য, প্রতিটি প্রতিবেদন ৩ কপি করে প্রেরণ করতে হবে।

বৈদেশিক শাখাসমূহ উপরের বর্ণনা মোতাবেক প্রতিবেদন তৈরী করে তার দুই কপি ক্রমিক নং-৩৮ এর নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাঙ্ক ম্যানেজমেন্ট ডিভিশনে (FRMD) ০৭-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

পরবর্তী পৃষ্ঠা নং-৫

১১। ঝণ ও অগ্রিম :

শাখাসমূহ সমন্ত ঝণ ও অগ্রিম হিসাবে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত নিয়ম মোতাবেক সুদ আরোপ করে হিসাবসমূহের ছিতি সঠিকতা নির্ণয়পূর্বক অত্যন্ত সতর্কতার সাথে নিয়ন্ত্রিত প্রতিবেদনসমূহ তৈরী করে এ্যাকশন প্ল্যান এ উল্লিখিত সময়ের মধ্যে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিসে/আঞ্চলিক কার্যালয়ে অবশ্যই প্রেরণ করবে। বৈদেশিক শাখাসমূহ ঝণ ও অগ্রিম সংজ্ঞান্ত সকল প্রতিবেদন ক্রমিক নং-৩৮ এর নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাঙ্গ ডিভিশনে (FRMD) ০৬-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

(ক) ঝণ ও অগ্রিমের ম্যাচুরিটি গ্রাফিং প্রতিবেদন :

শাখাসমূহ বার্ষিক সমাপনী দিবসে ঝণ ও অগ্রিমসমূহের ম্যাচুরিটি নির্ণয়পূর্বক প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-১৩ মোতাবেক একটি প্রতিবেদন তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহকে উক্ত প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(খ) ঝণ ও অগ্রিমের শ্রেণীবিন্যাস :

প্রধান কার্যালয়ের ঝণ শ্রেণীবিন্যাস বিভাগ বর্ষ সমাপনী দিবসে শাখা হতে প্রাপ্ত সি,এল সমূহের ঝণ ছিতি সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় রাখিত বর্ষ সমাপনী প্রতিবেদনসমূহের ঝণ ছিতির সাথে মিলিয়ে নিবে যাতে কোন অবস্থাতেই সি,এল এর মোট ঝণ ছিতির সাথে অভ্যন্তরীণ শাখাসমূহের মোট ঝণের গরমিল না হয়। ঝণ শ্রেণীবিন্যাস বিভাগ সকল শাখা/কার্যালয় কর্তৃক তাদের নিকট প্রেরিত সি,এল বিবরণী মোতাবেক ঝণ ও অগ্রিমসমূহকে শ্রেণীবিন্যাসিত করে এ সম্পর্কিত যাবতীয় ০৩(তিনি) প্রস্ত প্রতিবেদন ছিতিপত্রে সংযোজন ও নিরীক্ষকদের নিকট উপস্থাপনের নিমিত্ত ১৪-০১-২০২১ তারিখের মধ্যে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে।

(গ) চেটমেন্ট অব পার্টিকুলারস অব এ্যাডভান্সেস : এসটি নং-৪ (এফ-২৯৩)

শাখাসমূহ এফ-২৯৩ এসটি নং-৪ এর উপরে বর্ণিত নোটের প্রতি খেয়াল রেখে সঠিকভাবে শ্রেণীবিন্যাসপূর্বক পার্টিকুলারস অব এ্যাডভাঙ্গ এর প্রতিবেদন এফ-২৯৩ তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে আগামী ০৪-০১-২০২১ তারিখের মধ্যে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহকে এফ-২৯৩ পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

সতর্কতাঃ

(১) কোন অবস্থাতেই ঝণ হিসাবের ক্রেডিট ব্যালেন্স (যদি থাকে)কে ঝণ হিসাবের সাথে নীট করে দেখানো থাবে না। তবে জেনারেল লেজার ব্যালেন্সের সাথে মিলানোর জন্য রিটার্ন এর নীচে ক্রেডিট ব্যালেন্স বিয়োগ করে দেখাতে হবে।

(২) প্রতিবেদনের সাব টোটাল/টোটাল, জেনারেল লেজারের সাথে মিলিয়ে নিয়ে হিসাবাদির শুল্ক পরীক্ষা করে নিতে হবে।

(ঘ) অবলোপনকৃত ঝণের প্রতিবেদন :

শাখাসমূহকে উপরে বর্ণিত এসটি-৪ (এফ-২৯৩) ছাড়াও প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-১২ মোতাবেক অবলোপনকৃত ঝণের প্রারম্ভিক ছিতি, হিসাব বছরে অবলোপনকৃত ঝণ, আদায়ের জন্য মামলাকৃত অবলোপনকৃত ঝণের পরিমাণ, অবলোপনকৃত ঝণ আদায় ইত্যাদি তথ্য সঠিকভাবে পূরণ করে প্রতিবেদন তৈরী করতে হবে এবং পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। উল্লেখ্য যে, এসটি নং-১২ প্রতিবেদনের ৭ নম্বর কলামে অবলোপিত ঝণ যা আদায়ের জন্য মামলা দায়ের করা হয়েছে তার পরিমাণ উল্লেখ্য করতে হবে। পিও/আরও/কর্পোরেট শাখাসমূহকে উক্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় এবং লোন রিকভারী ডিভিশনে ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১২। বাট্টাকৃত ও ক্রীত বিলিং (বিল ডিসকাউন্টেড এন্ড পার্টেজড) সরকারি ট্রেজারী বিল ব্যৱীতিঃ

শাখাসমূহ বাট্টাকৃত ও ক্রীত বিল সমূহ যথাঃ প্যাড (বিল অব এক্সচেঞ্জ), ইনল্যান্ড বিলস, এফবিপিএন (ক্লিন) ও এফবিপিএন (ডকুমেন্টারী) ইত্যাদি বার্ষিক রিটার্ন এসটি-১৮ মোতাবেক ম্যাচুরিটি গ্রাফিং এর প্রতিবেদন সঠিকভাবে পূরণ করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহকে উক্ত প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১৩। ভূমি, ইমারত, আসবাবপত্র ও সরঞ্জামসহ ছায়া সম্পদঃ

প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন) কর্তৃক জারীকৃত ২২/১০/২০০৮ তারিখের প্রধান কার্যালয় পরিপত্র নম্বর-৪৫ এবং ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের প্রকা/কেহিবি-১/হিসাব/অবচয়/১৪৮৬ সংখ্যক পত্রের নির্দেশনা সকল শাখা, আঞ্চলিক কার্যালয়, প্রিসিপাল অফিস, জিএম অফিস এবং প্রধান কার্যালয়ের সকল বিভাগ সঠিকভাবে পরিপালন পূর্বক ২০ ডিসেম্বর ২০২০ তারিখে তাদের স্ব-স্ব অফিসের আওতায় থাকা আসবাবপত্র ও সরঞ্জামাদী আইটি ডিভিশন কর্তৃক ডেভেলপ ও সরবরাহকৃত Dead Stock Software-এ যথাযথভাবে এন্ট্রি দিয়ে সংশ্লিষ্ট সকল

পরবর্তী পৃষ্ঠা নং-৬

কার্যালয়/শাখা প্রসেস চালিয়ে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত নির্ণীত ডেপ্রিসিয়েশন এর অর্থ ২০ ডিসেম্বর ২০২০ তারিখে চার্জেস হিসাব ডেপ্রিসিয়েশন ডেবিট এবং পুঞ্জিভূত অবচয় হিসাব ক্রেডিট করার লক্ষ্যে ভাউচার তৈরী এবং পাস করবে। প্রধান কার্যালয়ের সংস্থাপন ও প্রকৌশল বিভাগ এবং কমন সার্ভিসেস ডিভিশন ২০ ডিসেম্বর ২০২০ তারিখে ব্যাংকের সকল ইমারত, আসবাবপত্র ও সাজ সরঞ্জামাদির উপর উল্লেখিত উপায়ে উক্ত তারিখেই ভাউচার পাশ করবে। শাখা/অফিসসমূহ ২০ ডিসেম্বর ২০২০ থেকেই ভূমি, ইমারত, আসবাবপত্র ও সরঞ্জামসহ স্থায়ী সম্পদের প্রতিবেদন প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-১১ মোতাবেক প্রস্তুতের কাজ শুরু করবে যাতে পত্রের সাথে সংযুক্ত Action Plan এ উল্লেখিত তারিখের মধ্যে উক্ত বিবরণী স্ব-স্ব প্রিসিপাল অফিস/আধিগ্রামিক কার্যালয়/প্রধান কার্যালয়ে প্রেরণ করা সম্ভব হয়। জিএম অফিস/কর্পোরেট শাখাসমূহ এসটি-১১ সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৬-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। Dead Stock Software সংজ্ঞায় যে কোন সমস্যার জন্য আইটি ডিভিশনের হট লাইন নং ০১৪০৬০০০০০০ ও মোবাইল নং ০১৭১৮২৩৮৭১৫ এবং ইমেইল sonalisheba@sonalibank.com.bd-এ যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ্য, নতুন ত্রয়োকৃত সম্পদের উপর অবচয় ব্যবহারের দিন থেকে হিসাবায়ন করতে হবে। তবে ২০ ডিসেম্বরের পর ব্যবহৃত নতুন সম্পদের অবচয় উক্ত বছর ধার্য করা যাবে না।

#### ডেপ্রিসিয়েশনের হারাণ

(১) প্রিমিসেস অর্থাৎ ইমারত নির্মাণ খরচের Written down value এর ২.৫০% (Reducing Balance Method) প্রধান কার্যালয় কর্তৃক করা হবে।

(২) ফার্নিচার- Written down value এর উপর ১০% (Reducing Balance Method)।

(৩) ইলেকট্রিক ইনস্টলেশন, টাইপরাইটার, ক্যালকুলেটর মেশিন এবং অন্যান্য যন্ত্রপাতির Written down value এর উপর ২০% (Reducing Balance Method)।

(৪) লাইভেরী- Written down value এর উপর ৭% (Reducing Balance Method)।

(৫) মটরকার এবং অন্যান্য যানবাহন এর অরিজিনাল কষ্ট (Cost) এর উপর ২০% Straight Line Method এ ডেপ্রিসিয়েশন হিসাবায়ন করতে হবে।

(৬) কম্পিউটার সামগ্রী (Computer Hardware & Software) এর অরিজিনাল কষ্ট (Cost) এর উপর ২০% Straight Line Method এ ডেপ্রিসিয়েশন হিসাবায়ন করতে হবে।

এক্ষেত্রে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ, হিসাব শাখার ০৮/১০/১৯৮৫ তারিখের ইন্টেহার নং-সিএডি/এডি/১৯৫৩, ১৪-১০-৮৪ তারিখের ইন্টেহার পত্র নং-কেহিবি/জড্ডব্য/২৪৩ এবং ২২-১০-২০০৮ তারিখের প্রধান কার্যালয়ের পরিপত্র নম্বর-৪৫ যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হচ্ছে। প্রধান কার্যালয়ের যাবতীয় ডেডস্টক যেমন-ফার্নিচার, টাইপ রাইটার, কম্পিউটার, ইলেকট্রিক ইনস্টলেশন, মটরকার, অন্যান্য যানবাহন এবং লাইভেরীর উপর ডেপ্রিসিয়েশন কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক করা হবে। ষ্টেটমেন্টের প্রয়োজনে ডেডস্টক একাউন্ট আলাদাভাবে বই পত্রে রেকর্ড করতে হবে এবং সকল পোষ্টিং শেষ করে তারপর বই পত্রের ব্যালেন্স করতে হবে এবং জেনারেল লেজারের সাথে মিলিয়ে নিতে হবে। তাছাড়াও সকল শাখা, আধিগ্রামিক কার্যালয়, প্রিসিপাল অফিস ও জিএম অফিস স্ব-স্ব শাখা/কার্যালয়ের ও প্রধান কার্যালয়ের প্রতিটি বিভাগ কর্তৃক স্ব-স্ব বিভাগের স্থায়ী সম্পদের Inventory Physical Verification করে স্টক রেজিস্টারের সাথে মিলাতে হবে।

ডেপ্রিসিয়েশন রাউন্ড টাকায় কর্তৃন করতে হবে (পয়সা বাদ দিয়ে)। ২০২০ সালের ডেডস্টকের খাতওয়ারী উপেন্ট ব্যালেন্স অবশ্যই ২০১৯ সালের খাতওয়ারী ক্রেজিং ব্যালেন্সের সমান হতে হবে। কোন অবস্থাতেই এর ব্যতিক্রম করা যাবে না। ২০২০ সালের বার্ষিক সমাপনী বিবরণীতে (এসটি-১১) ক্রেজিং ব্যালেন্স ও ডেপ্রিসিয়েশনে যে পরিমাণ টাকা দেখানো হবে, তা এসটি-১ ও এসটি-২ এর বিবরণীর সাথে অবশ্যই মিল থাকতে হবে। তদুপর বৈদেশিক শাখাসমূহও উল্লেখিত প্রতিবেদন তৈরী করে প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাল ম্যানেজমেন্ট ডিভিশনে (FRMD) পাঠাবে।

#### ১৪। অন্যান্য সম্পদ :

(ক) প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যাল ম্যানেজমেন্ট ডিভিশন (FRMD) ব্যাংকের সাবসিডিয়ারি কোম্পানীসমূহে সোনালী ব্যাংকের বিনিয়োগকৃত মূলধন ও অন্যান্য বিনিয়োগের বৈদেশিক মূদ্রা ও বাংলাদেশী মুদ্রা (পুনঃমূল্যায়নপূর্বক) এবং তা থেকে প্রাপ্ত ডিভিডেন্ড বা লাভ উল্লেখপূর্বক একটি প্রতিবেদন তৈরী করবে এবং তার ৩(তিনি) কপি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৭-০১-২০২০ তারিখের মধ্যে প্রেরণ করবে।

(খ) প্রধান কার্যালয়ের খণ্ড শ্রেণীবিন্যাস বিভাগ (LCD) ব্যাংকের অন্যান্য সম্পদভূক্ত হিসাবসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক শ্রেণীকরণ করতঃ একটি প্রতিবেদন তৈরী করে প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ১৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

#### ১৫। অ-ব্যাংকিং সম্পদ :

দাবী/প্রাপ্ত পরিশোধের সূত্রে অর্জিত সম্পদ শাখাসমূহে যদি থাকে এর ধারণকাল পৃথক করে প্রদর্শনপূর্বক একটি প্রতিবেদন এসটি-১১ এর ২ নং ত্রুটিকে প্রদর্শন করবে। প্রদর্শিত মূল্য বাজার মূল্যের অধিক হবে না। অ-ব্যাংকিং সম্পদসমূহের মধ্যে আয় উপার্জনে অক্ষম সম্পদকে পৃথক করে দেখাতে হবে।

পরবর্তী পৃষ্ঠা নং-৭

**১৬। অন্যান্য ব্যাংক কোম্পানীসহ আর্থিক প্রতিষ্ঠান ও এজেন্ট হতে গৃহীত কর্জ (Borrowing from other Banking Companies, Agents etc.)**

প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং শাখাসমূহ (বৈদেশিক শাখাসহ) অন্যান্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এজেন্ট হতে গৃহীত কর্জ পরিশিষ্ট-গ এর ছক-৫ (এসটি-২৩) মোতাবেক একটি প্রতিবেদন তৈরী করবে এবং পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। এখানে উল্লেখ্য যে, যদি কোন শাখা/অফিস অন্যান্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এজেন্ট হতে বাংলাদেশী টাকায় কোন অর্থ কর্জ গ্রহণ করে থাকে, তবে তা পরিশিষ্ট-গ এর ছক-৫(এসটি-২৩) মোতাবেক প্রতিবেদন তৈরী করে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করতে হবে, তবে এ ক্ষেত্রে ছকের ৪ ও ৫ নং কলামের প্রয়োজন হবে না। কর্পোরেট শাখাসমূহকে সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**১৭। আমানত ও অন্যান্য হিসাব :**

শাখাসমূহ (বৈদেশিক শাখাসহ) এবং প্রধান কার্যালয়ের হিসাব শাখা ও টেজারী ম্যানেজমেন্ট ডিভিশন কারেন্ট একাউন্ট বার্টার (ক্রেডিট ব্যালেন্স)সহ তাদের আমানত ও অন্যান্য হিসাবসমূহ সঠিকভাবে বিশ্লেষণপূর্বক প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-১০ (গ্যালাইসিস অব ডিপোজিট) ও ফরম এসটি নং-১৪ (আমানতের ম্যাচুরিটি গ্রুপিং) মোতাবেক দুটি প্রতিবেদন প্রস্তুত করবে এবং পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ তাদের প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

**১৮। অন্যান্য দায় :**

(ক) ছাগিত সুদ হিসাবের বিবরণী :

**(১) ছাগিত সুদ হিসাব (Interest Suspense A/C)**

শাখাসমূহ তাদের ছাগিত সুদ হিসাবের প্রতিবেদন প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-৬ মোতাবেক প্রস্তুত করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে তাদের স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ তাদের প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে

**(২) ছাগিত সুদ হিসাব-পেনাল (Interest Suspense A/C-Penal):**

শাখাসমূহ তাদের ছাগিত সুদ-পেনাল হিসাবের জন্য প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-৭ মোতাবেক প্রস্তুত করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ তাদের প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন-অপারেশন, হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

**সতর্কতাঃ**

ছাগিত সুদ ও ছাগিত সুদ-পেনাল হিসাবের জন্য আলাদা আলাদা প্রতিবেদন প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই ছাগিত সুদ ও ছাগিত সুদ-পেনাল হিসাবের তথ্য একই প্রতিবেদনে একীভূত করে প্রেরণ করা যাবে না। শাখাসমূহ কোন অবস্থাতেই শ্রেণীকৃত খাগের উপর আরোপিত/অনাদায়ী সুদ আয় খাতে ছানাক্ত করতে পারবে না। পরবর্তীতে এ ধরনের অনিয়ম উদ্বাচিত হলে সংশ্লিষ্ট শাখা প্রধান ও কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৯। সরকারি হিসাবে লেনদেনঃ**

শাখাসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক লিমিটেডের মধ্যে সম্পাদিত এজেন্সী চুক্তি মোতাবেক সরকারি লেনদেন পরিচালনার জন্য নির্ধারিত হারে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত প্রাপ্য কমিশন প্রতিশন করে উক্ত কমিশন থেকে প্রযোজ্য হারে ভ্যাট বিয়োজনপূর্বক বাকী টাকা লাভ-ক্ষতি হিসেবে অঙ্গুরুত্ব করতে হবে।

**২০। সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), তহবিল শাখায় জিপিএফ, সিপিএফ, পিডিসিআরবি ফাস্ট ও পেনশন ফাস্টের চাঁদা প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী :**

এ বছর জিপিএফ, সিপিএফ, পেনশন এবং পিডিসিআরবি ফাস্ট এর অর্থ সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট) এ প্রেরণের জন্য শাখা/জিএমও/পিও/আরও হতে কোন প্রকার TRA (MANUAL/RMS+) প্রেরণ করতে হবে না।

জিএমও, পিও, আরও এবং শাখাসমূহ ২০২০ সালে কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ফাস্ট ও পিডিসিআরবি ফাস্টে জমাকৃত এবং প্রতিডেট ফাস্ট খাতে জমাকৃত ও PF Advance এর কিন্তি বাবদ আদায়কৃত টাকা ২০/১২/২০২০ তারিখে বেতন প্রদান করার পর Online Human Resource Management System (HRMS) সফটওয়্যারে জমার পরিমাণ শাখা/অফিস আইডি (Admin ID) ব্যবহার করে এন্ট্রি দিবে। এন্ট্রিকৃত তথ্যের উপর ভিত্তি করে HRMS সফটওয়্যার ব্যবস্থাপ্রযোগ সুদ হিসাবাব্দন করবে। উক্ত অর্থ স্ব-স্ব অফিস/শাখার ইন্টারেন্স হিসাব (GL Code-400101116) ডেবিট করে তা পিএফ এর সংশ্লিষ্ট জিএল (GPF এর জন্য GL

পরবর্তী পৃষ্ঠা নং-৮

Code-122107104 এবং CPF এর জন্য GL Code-122107101) এ ক্রেডিট করতে হবে (ভাউচার HRMS এ পাওয়া যাবে)। শাখা/অফিসসমূহ সংযুক্ত পরিষিষ্ট-গ এর ছক-৭ মোতাবেক Legal পেগারে Landscape ফরম্যাটে প্রতিটি ১ (এক) কপি (ইংরেজিতে) জিপিএফ/সিপিএফ বিবরণী সঠিক নাম ও ইনডেক্স নম্বরসহ আলাদাভাবে প্রস্তুতপূর্বক বিবরণীর মোট টাকার সাথে জিএল এর জিপিএফ/সিপিএফ হেডের মোট টাকা সমান হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে HRMS সফটওয়্যারে ক্রস চেকিং এর মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর তথ্যাবলীর সঠিকতা নিশ্চিত করবে।

ডাটা এন্ট্রি দেয়ার পূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারীর PF Advance রয়েছে অবশ্যই তাদের আউটস্ট্যাভিং এমাউন্ট দেখে নিতে হবে। কারও PF Advance এর আউটস্ট্যাভিং এর অতিরিক্ত অর্থ সিলেক্টে পোস্টিং দেওয়া যাবে না বিধায় ভুলবশতঃ কোন কর্মকর্তা/কর্মচারীর কর্তন্তৃত PF Advance এর আউটস্ট্যাভিং এর অতিরিক্ত অর্থ অবশ্যই সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সেভিংস একাউন্টে ফেরত দিতে হবে।

Online Human Resource Management System (HRMS) এ এন্ট্রিকৃত তথ্য এবং টাকা প্রস্তুতকৃত বিবরণীর সাথে পুঁখানপুঁখরূপে চেক করে সঠিকতা নিশ্চিত হয়ে HRMS সফটওয়্যারের Fund Transfer Option এ গিয়ে Fund Transfer করবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, আগামী ২১ শে ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে উল্লেখিত কার্যাদি অবশ্যই সম্পন্ন করতে হবে।

আগামী ২২ ডিসেম্বর, ২০২০ তারিখে প্রধান কার্যালয় কর্তৃক একটি প্রসেসের মাধ্যমে সকল শাখা/অফিসের GL থেকে জিপিএফ ও সিপিএফ এর অর্থ স্বয়ংক্রিয়ভাবে ডেবিট করে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট) এ স্থানান্তর করা হবে। উল্লেখ্য যে, Fund Transfer এর পর CBS ভুক্ত কোন শাখার GL শূন্য (০) না হলে সংশ্লিষ্ট শাখা ঐ দিন CBS এ Sign Out করতে পারবে না।

CBS এ বর্ষ সমাপনী প্রসেস চালানোর তারিখে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সকল শাখা/অফিসের GL থেকে পিডিসিআরবি ফাউন্ড এবং পেনশন ফাউন্ড এর অর্থ প্রধান কার্যালয়ে রাঙ্কিত সোনালী ব্যাংক কর্মচারী পিডিসিআরবি ফাউন্ড হিসাব এবং সোনালী ব্যাংক কর্মচারী পেনশন ফাউন্ড হিসাবে স্থানান্তরিত হবে।

ইতোমধ্যে HRMS এ যে সকল আইডি ব্যবহার করা হয়েছে তা দিয়ে পিএফ এর তথ্য এন্ট্রি ও ফাউন্ড ট্রান্সফার এর কার্যক্রম সম্পাদন করা যাবে। ইউজার ডিফল্ট পাসওয়ার্ড abcd1234# (ইউজার আইডি এবং পাসওয়ার্ড কেস সেন্সেটিভ অর্থাৎ স্মল এবং ক্যাপিটাল লেটার আলাদা)।

Online Human Resource Management System (HRMS) সফটওয়্যারের ব্যবহার নির্দেশিকা এই লিংক <https://10.32.20.26:6565> এ পাওয়া যাবে। কোন ধরণের অঙ্গুষ্ঠা পরিলক্ষিত হলে কিংবা সফটওয়্যার ব্যবহারে সৃষ্টি জটিলতায় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়ে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রতিদেক্ষ ফাউন্ডের বর্ষ সমাপনীর উল্লেখিত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনে ফোন নম্বর ০২-৯৪৮৫১৯, হটলাইন নম্বরঃ ০১৪০৬-০০০০০০ এবং মেইল এড্রেস : [sonalisheba@sonalibank.com.bd](mailto:sonalisheba@sonalibank.com.bd), [dgmcad2@sonalibank.com.bd](mailto:dgmcad2@sonalibank.com.bd) এ যোগাযোগ করা যেতে পারে।

## ২১। বিস্তৃত কন্ট্রাকশন একাউন্ট :

সোনালী ব্যাংক লিমিটেড সাধারণ হিসাবের জন্য প্রযোজ্য সুদের হার মোতাবেক শাখাসমূহ বিস্তৃত কন্ট্রাকশন হিসাবের উপর ০১-০১-২০২০ হতে ৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত পাপ্য সুদ যথাযথভাবে হিসাব করে এ বছরের শেষ কর্মদিবসে অর্থ্যাংশ ৩০-১২-২০২০ তারিখে Interest Receivable on Building Construction (GL Code-225116204) হিসাব ডেবিট পূর্বক Interest Income on Building Construction (GL Code-300131117)- তে ক্রেডিট করতে হবে। পরবর্তীতে Interest Receivable on Building Construction হিসাব CBS কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে প্রধান কার্যালয়ে স্থানান্তর হবে।

## ২২। ক) প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট :

৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত যাবতীয় অগ্রিম পরিশোধিত ব্যয় এই হিসাবের মাধ্যমে নিরোক্ত উপায়ে ভাউচার পাশ করতে হবেঃ

ডেবিট : প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট

ক্রেডিটঃ ব্যয় হিসাব (যাবতীয় অগ্রিম পরিশোধিত ব্যয়)।

উল্লেখ্য, পরবর্তীতে বিল প্রাপ্তি/সার্ভিস গ্রহণের পর/ আদায় হওয়া মাত্র অগ্রিম প্রদত্ত অর্থ দ্বারা প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট ক্রেডিট/ সমন্বয় করতে হবে।

পরবর্তী পৃষ্ঠা নং-৯

**খ) ইন্টারেষ্ট রিসিভেল/কমিশন রিসিভেল হিসাব :**

৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত প্রত্যাশিত যাবতীয় প্রাপ্তি আয় এই হিসাবের মাধ্যমে নিম্নোক্ত উপায়ে ভাউচার পাশ করতে হবে :

ডেবিট : ইন্টারেষ্ট রিসিভেল/কমিশন রিসিভেল হিসাব

ক্রেডিটঃ সংশ্লিষ্ট আয় হিসাব (ইন্টারেষ্ট/কমিশন ইত্যাদি)

উল্লেখ্য, প্রতিটি হিসাবের জন্য যথাযথভাবে রেজিস্টার সংরক্ষণ করতে হবে। যখন রিসিভেল হিসাবের অর্থ আদায় হবে, তখন সংশ্লিষ্ট রিসিভেল হিসাবে জমা করতে হবে। এক্ষেত্রে উক্ত অর্থ দ্বারা কখনই আয় খাত ক্রেডিট/জমা করা যাবে না।

**প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট এর প্রতিবেদন নং-এসটি-৮(১) ও ৮(২) :**

(ক) শাখাসমূহ প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট এর প্রত্যেকটি এন্ট্রি ফরম এফ-৪৫ এ একটি পূর্ণ বিবরণ এসটি-৮(১) এবং প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট এর একটি একীভূত প্রতিবেদন প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-৮(২) মোতাবেক প্রতিবেদন তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে ৪-৪ প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে।

(খ) প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট এর বিবরণী নং-৮(১) এবং ৮(২) এর যোগফল অবশ্যই সমান হতে হবে এবং এসটি ৮(১) এবং এসটি ৮(২) এ প্রদর্শিত প্রিপেইড এক্সপেন্সেস এ্যাকাউন্ট এবং এসটি-১ প্রতিবেদনের উক্ত অংক অবশ্যই সমান হতে হবে।

**২৩। এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট :**

এক্ষেত্রে এ বিভাগ থেকে ২৭ মার্চ, ২০১৮ তারিখে জারীকৃত প্রকা/সিএডি(অপারেশন)/লোকসানী শাখা/৮৪৬ সংখ্যক পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক ৩০-১২-২০২০ তারিখ পর্যন্ত হিসাব বর্ষের যাবতীয় পরিশোধযোগ্য ব্যয় এর জন্য নিম্নলিখিত উপায়ে ভাউচার পাশ করতে হবে।

ডেবিটঃ চার্জেস একাউন্ট

ক্রেডিটঃ এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট

উল্লেখ্য যে, হিসাব বর্ষের যে সমস্ত অপরিশোধিত ব্যয়ের বিল এখনও প্রাপ্ত হয়নি এই সকল বিলের সর্বাপেক্ষা নিকটবর্তী (Approximate) পরিমাণ ব্যয়ের ভাউচার পাশ করতে হবে। প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন তাদের স্টক পরীক্ষা নিরীক্ষার পর সকল পেন্ডিং বিল পাশ করে খাতাপত্রে ব্যালেন্স করবে এবং জেনারেল লেজারের সাথে তা মিলিয়ে নেবে। যে সকল মালামাল পাওয়া গেছে কিন্তু পেন্ডেন্ট সম্পন্ন হয়নি সেক্ষেত্রে টেশনারী হিসাব ডেবিট করে এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট ক্রেডিট করতে হবে। এক্ষেত্রে লেজারে উল্লিখিত প্রত্যেকটি আইটেমের সাথে প্রতিবেদনের মিল থাকতে হবে।

**উল্লেখ্য, যখনই উক্ত বকেয়া ব্যয় পরিশোধ করা হবে তখন নিম্নোক্তভাবে ভাউচার পাশ করতে হবে :**

ডেবিটঃ এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট

ক্রেডিটঃ এসবিজি-সিবিএস/ক্যাশ/অন্যান্য হিসাব

এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট এর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/শাখায় সান্তি ডিপোজিট হিসাব এর হিসাবায়ন পদ্ধতি ও অনুরূপ রেজিস্টার সংরক্ষণ করে যথাযথ হিসাবায়ন নিশ্চিত করতে হবে এবং যত দ্রুত সম্ভব এ হিসাব খাত সমন্বয় করতে হবে।

**এক্সপেন্সেস পেয়েবল হিসাব এর প্রতিবেদন নং-এসটি-৯(১) ও ৯(২) :**

(ক) এক্সপেন্সেস পেয়েবল হিসাব এর প্রত্যেকটি এন্ট্রির একটি পূর্ণ বিবরণ প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এফ-৪৫ এ এসটি-৯(১)-এ একটি একীভূত প্রতিবেদন এবং এসটি নং-৯(২) তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে ৪-৪ প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে সরাসরি প্রধান কার্যালয়ে ০৫-০১-২০২১ তারিখের মধ্যে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে।

(খ) এক্সপেন্সেস পেয়েবল হিসাব এর বিবরণী নং-৯(১) এবং ৯(২) এর যোগফল অবশ্যই সমান হতে হবে এবং এসটি-৯(১) এবং এসটি ৯(২) এ প্রদর্শিত এক্সপেন্সেস পেয়েবল এ্যাকাউন্ট এবং এসটি-১ প্রতিবেদনের উক্ত অংক অবশ্যই এক হতে হবে।

**২৪। বেতন ও ভাতাদি :**

এ ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তা-কর্মচারীদের ২০২০ সালের ডিসেম্বর মাসের বেতন ও ভাতাদি উক্ত মাসের ২০ তারিখে প্রদান করতে হবে।

পরবর্তী পৃষ্ঠা নং-১০

২৫। লাভ-ক্ষতি হিসাব :

(ক) লাভ/ক্ষতির টিআরএ :

উপরোক্ত কাজগুলো সম্পাদনের পর কার্যালয়/শাখাসমূহের জেনারেল লেজারের খরচের হিসাব, সুদের হিসাব, এক্সচেঞ্জ হিসাব, কমিশন হিসাব, বাট্টার হিসাব ইত্যাদি স্বয়ংক্রিয়ভাবে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে লাভ-লোকসান হিসাবে স্থানান্তর হবে। পরবর্তীতে সকল কার্যালয়/শাখার লাভ/ক্ষতি ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস-আইটি) কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন) এ স্থানান্তর হবে।

বিশেষভাবে উল্লেখ্য, এক্ষেত্রে লাভ-ক্ষতি সংক্রান্ত কোন TRA প্রেরণ করতে হবে না।

(খ) আয় ও ব্যয় প্রতিবেদন (এসটি নং-২) :

শাখা/অফিসসমূহ তাদের স্ব-স্ব খরচ (চার্জেস), সুদ (আয় ও ব্যয়), এক্সচেঞ্জ, কমিশন, বাট্টা ইত্যাদি হিসাবের বিস্তারিত বিবরণ ও লাভ/লোকসান সম্পর্কিত (F-42) এসটি নং-২ প্রতিবেদন CBS থেকে প্রিন্ট বের করে নিশ্চিত হয়ে স্বাক্ষরপূর্বক স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। জি.এম অফিস ও কর্পোরেট শাখাসমূহ উক্ত বিবরণী সরাসরি ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে।

২৬। আমানত ও অগ্রিম এবং লাভ/লোকসান হিসাবের উন্নার্কিং রেজার্ট প্রেরণ :

শাখাসমূহ তাদের স্ব-স্ব শাখার মোট আমানত, অগ্রিম, লাভ/ক্ষতি, শ্রেণীকৃত খণ্ড আদায়, লাভ/ক্ষতির শাখার সংখ্যা সংক্রান্ত তথ্য ছক-১০ (এসটি-৩) ০৩-০১-২০২১ তারিখ পূর্বাহ্নে সংশৃষ্ট প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় এবং জেনারেল ম্যানেজার এর কার্যালয়ে প্রেরণ করবে। সংশৃষ্ট জি.এম অফিস/প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ তাদের ও অধীনস্থ শাখাসমূহের আমানত, অগ্রিম, লাভ/ক্ষতি, শ্রেণীকৃত খণ্ড আদায়, লাভ/ক্ষতির শাখার সংখ্যা সংক্রান্ত তথ্য এবং স্ব-স্ব অফিসের লাভ/লোকসান এর ফিগার (পরিশিষ্ট-গ এর ছক-১০ (এসটি-৩) মোতাবেক) টেলিফোন/বাহকের মাধ্যমে বা ই-মেইল যোগে [dgmcad@sonalibank.com.bd](mailto:dgmcad@sonalibank.com.bd), [sblhocad@gmail.com](mailto:sblhocad@gmail.com), [sblhocad@yahoo.com](mailto:sblhocad@yahoo.com) এই ঠিকানায় এই দিনেই অর্ধাং ০৩-০১-২০২১ তারিখে পুনঃ ০৩-০১-২০২১ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে, যাতে উক্ত তথ্যসমূহ ০৩-০১-২০২১ তারিখের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ সমীক্ষে উপস্থাপন করা যায়। ব্যত্যয়ে তার পুরো দায়-দায়িত্ব কর্পোরেট শাখা/প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় প্রধানকে বহন করতে হবে। পরবর্তীতে শাখাসমূহ উক্ত প্রতিবেদন এর হার্ডকপি অন্যান্য বর্ষ সমাপনী প্রতিবেদনের সাথে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে সংশৃষ্ট আরও/পিও-তে প্রেরণ করবে এবং জি.এমও, কর্পোরেট শাখাসমূহ ও পিও/আরও তা ০৫-০১-২০২১ তারিখের মধ্যে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে।

২৭। ব্যালেন্স সার্টিফিকেট এন্ড রিকনসিলিয়েশন স্টেটমেন্ট অব ব্যালেন্স হেন্ড উইথ আদার ব্যাংক এবং সোনালী ব্যাংকের বৈদেশিক শাখা :

শাখাসমূহকে বিদেশে অবস্থিত অন্যান্য ব্যাংক, সোনালী ব্যাংক লিমিটেড, কলকাতা ও শিলিঙ্গড়ি শাখা ইত্যাদির সাথে NOSTRO/VOSTRO ACCOUNT থাকলে উহার স্বপক্ষে তাদের নিকট থেকে ৩১-১২-২০২১ তারিখের তিন কপি ব্যালেন্স সার্টিফিকেট সংগ্রহ করতে হবে, যার এক কপি শাখা কর্তৃক সংরক্ষণ করতে হবে এবং অন্য দুই কপি রিকনসিলিয়েশন স্টেটমেন্টসহ পরিশিষ্ট-গ এবং ছক-৮ (১) ও ৮(২) মোতাবেক পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় এর সঠিকতা যাচাইয়ের পর তা প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ এ ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন-২ উক্ত প্রতিবেদন পাওয়ার পর তাদের নিজস্ব প্রতিবেদনসহ ব্যাংক ওয়ারী একীভূত প্রতিবেদন প্রস্তুত করে ০৭-০১-২০২১ তারিখের মধ্যে সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় প্রেরণ করবে।

২৮। ব্যালেন্স সার্টিফিকেট এন্ড রিকনসিলিয়েশন স্টেটমেন্ট অব ব্যালেন্স হেন্ড উইথ বাংলাদেশ ব্যাংক, দেশে অবস্থিত আদার ব্যাংক এবং মানি এট কল :

শাখাসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংক ও দেশে অবস্থিত অন্যান্য ব্যাংক ইত্যাদির সাথে সোনালী ব্যাংকের একাউন্ট/মানি এট কল থাকলে তাদের নিকট থেকে ৩১-১২-২০২০ তারিখের স্বপক্ষে তিন কপি ব্যালেন্স সার্টিফিকেট সংগ্রহ করতে হবে, যার এক কপি শাখা কর্তৃক সংরক্ষণ করতে হবে এবং অন্য দুই কপি রিকনসিলিয়েশন স্টেটমেন্টসহ পরিশিষ্ট-গ এর ছক-৯(১) ও ৯(২) মোতাবেক পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করবে। উক্ত হিসাবে যদি কোন পাওয়া অথবা দেনা থাকে তাও উক্ত হিসাবের আওতায় ধরে নিতে হবে।

উল্লেখ্য, যদি কোন অবস্থায় সোনালী ব্যাংকের হিসাবে অন্য ব্যাংকের ব্যালেন্স সার্টিফিকেটের সাথে গরমিল হয় তাহলে না মিলার কারণগুলো উদয়াটনপূর্বক শাখার বহি/রেজিস্টারের সাথে মিলিয়ে একটি রিকনসিলিয়েশন স্টেটমেন্ট (পরিশিষ্ট-গ এর ছক-৯(১) ও ৯(২) মোতাবেক) তৈরী করে উপরোক্ত নিয়মে প্রেরণ করবে। ছক ৯(১) প্রতিবেদনে প্রদর্শিত ডেবিট ও ক্রেডিট আউটস্ট্যান্ডি ভুক্সসমূহ ছক ৯(২) প্রতিবেদনে বিস্তারিতভাবে দেখাতে হবে।

সতর্কতা :

এক্ষেত্রে রিকনসিলিয়েশন স্টেটমেন্টে প্রদর্শিত সোনালী ব্যাংকের জেনারেল লেজারের এবং ব্যালেন্স হেন্ড উইথ আদার ব্যাংকের নেট ডেবিট/ক্রেডিট ব্যালেন্সের পরিমাণ অবশ্যই যথাক্রমে জেনারেল লেজারের হেড ব্যালেন্স হেন্ড উইথ আদার ব্যাংক এবং মানি এট কল এবং অন্যান্য ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যালেন্স সার্টিফিকেটের সাথে মিলতে হবে। উল্লেখ্য যে, কোন কোন শাখা কর্তৃক প্রধান কার্যালয়ে ভুল রিকনসিলিয়েশন স্টেটমেন্ট প্রেরণ করার কারণে অপ্রয়োজনীয় পত্রালাপের প্রয়োজন পড়ে। ফলশ্রুতিতে অথবা সময়ের অপচয় হয় এবং ইহা যথাসময়ে বহিনিরীক্ষকদের নিকট উপস্থাপন করা সম্ভব হয় না বিধায় অডিট আপস্তির সম্মুখীন হতে হয়।

পরবর্তী পৃষ্ঠা নং-১১

- ২৯। ক্যাশ, স্ট্যাম্প, প্রাইজবন্ড, ট্রাভেলারস চেক, বৈদেশিক মুদ্রা ইত্যাদির সার্টিফিকেট :**  
 শাখা প্রধানগণ কর্তৃক অবশ্যই তাদের স্ব-স্ব শাখার ৩০-১২-২০২০ (শেষ কর্মদিবসের) তারিখের ক্যাশ ব্যালেন্স, স্ট্যাম্প, প্রাইজবন্ড, ট্রাভেলারস চেক, বৈদেশিক মুদ্রা ইত্যাদি পরীক্ষা করে দেখতে হবে এবং এ সংক্রান্ত একটি সার্টিফিকেট প্রধান কার্যালয়ের কমন সার্ভিসেস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত ফরম এসটি নং-২৪ অনুযায়ী ১টি প্রতিবেদন তৈরী করে পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে স্ব-স্ব প্রিসিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে ০৪-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমূহকে সরাসরি প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন), হিসাব শাখায় পরিশিষ্ট-ক এর ক্রমবিন্যাস মোতাবেক ফাইল করে ০৫-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সার্টিফিকেট প্রস্তুত করার সময় সার্টিফিকেটে উল্লিখিত ছিত্রির সাথে যেন এসটি-১ এ বর্ণিত ছিত্রির কোন রকম গরমিল না থাকে সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।
- ৩০। ষ্টেশনারী একাউন্টস :**  
 বিবিআই এর চ্যাপ্টার-১৬ এর ৪৫ নং অনুচ্ছেদ অনুযায়ী ৩০ নভেম্বর ২০২০ তারিখে ষ্টেশনারী একাউন্ট ক্লোজ করতে হবে।
- ৩১। ঘটনা সাপেক্ষে দায় ও প্রতিশ্রুতিসমূহ নিম্ন বর্ণিত ব্যাখ্যা দ্বারা প্রদর্শিত হবে :**  
